

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯১১

৪৬/ রাসূলুল্লাহ ্রান্থ ও তার সাহাবীগণের মর্যাদা (্রান্থ্র আনুমারদের কোন ঘর শ্রেষ্ঠ?

আরবী

حَدَّقَنَا مُحَمَّدُ بِنُ بَشَّارٍ، حَدَّقَنَا مُحَمَّدُ بِنُ جَعْفَرٍ، حَدَّقَنَا شُعْبَةُ، قَالَ سَمِعْتُ قَتَادَةَ، يُحَدِّثُ عَنْ أَنسِ بِن مَالِكِ، عَنْ أَبِي أُسيْدِ السَّاعِدِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ أَنسِ بِن مَالِكِ، عَنْ أَبِي السَّاعِدِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "خَيْرُ دُورِ الأَنْصَارِ دُورُ بَنِي النَّجَّارِ ثُمَّ دُورُ بَنِي عَبْدِ الأَشْهَلِ ثُمَّ بَنِي الْحَارِثِ بِن الْخَزْرَجِ ثُمَّ بَنِي سَاعِدَةَ وَفِي كُلِّ دُورِ الأَنْصَارِ خَيْرٌ ". فَقَالَ سَعْدٌ مَا أَرَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم إلاَّ قَدْ فَضَلَّلَ عَلَيْنَا . فَقِيلَ قَدْ فَضَلَّكُمْ عَلَى كَثِيرٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ عَسَنٌ صَحِيحٌ . وَأَبُو أُسَيْدِ السَّاعِدِيُّ اسْمُهُ مَالِكُ بْنُ رَبِيعَةَ . وَقَدْ رُويِ نَحْقُ هَذَا عَنْ أَبِي سَلَمَةَ وَعُبَيْدِ هُرَنَ عَنِ النَّهِ بِي عَنْ أَبِي سَلَمَةَ وَعُبَيْدِ فَلَالًا بَنِ عَبْدِ اللَّهِ بْنِ عُبْبَةَ عَنْ أَبِي سَلَمَةَ وَعُبَيْدٍ عَنِ النَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُبْبَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّهِ بْنِ عُبْدِ اللَّهِ بْنِ عُبْبَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَرَوَاهُ مَعْمَرٌ عَنِ النَّهُ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُبْبَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

৩৯১১। আবৃ উসাইদ আস-সাঈদী (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আনসারদের ঘরগুলোর মাঝে ভাল হল বানু নাজ্জারের ঘরগুলো, তারপর বানু আবদুল আশহলের ঘরগুলো, তারপর ইবনুল হারিস ইবনুল খাযরাজ, তারপর বনু সাইদাহ। আনসারদের প্রত্যেক পরিবারের মাঝেই মঙ্গল রয়েছে। সা'দ (রাযিঃ) বলেন, আমি দেখছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের গোত্রের উপর অন্যান্য আনসার পরিবারকে মর্যাদা দিয়েছেন। সে সময় তাকে বলা হল, তিনি তোমাদেরকে তো অনেকের উপরই মর্যাদা দিয়েছেন।

সহীহঃ বুখারী ও মুসলিম।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। আবূ উসাইদ আস-সাঈদী (রাযিঃ)-এর নাম মালিক ইবনু রাবী'আহ। আবূ হুরাইরাহ (রাযিঃ)-এর বরাতেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে অনুরূপ বর্ণিত আছে। মা'মার যুহরী হতে তিনি আবূ সালামাহ হতে, তিনি উবাইদুল্লাহ ইবনু আবদুল্লাহ ইবনু উতবাহ হতে, তিনি আবূ হুরাইরাহ হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এই সন্দে বর্ণনা করেছেন।



English

Narrated Abu Usaid As-Sa'idi:

that the Messenger of Allah () said: "The Best houses of the Ansar are the houses of Banu An-Najjar, then the house of Banu 'Abdul-Ashhal, then Banu Al-Harith bin Al-Khazraj, then Banu Sa'idah. And in all of the houses of the Ansar there is good." So Sa'd said: "I do not see except that the Prophet () has preferred everyone over us." So it was said: "He preferred you over many."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ উসাইদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন